২০২৪

# বাংলা—সাধারণ

## তৃতীয় সেমেস্টার

## পত্র : SEC-A-1 and SEC-A-2

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

## পত্র : SEC-A-1

**(মুদ্রণ ও প্রকাশনা)**

**পূর্ণমান - ৮০**

১। (ক) গ্রন্থ-সম্পাদনার সময় একজন গ্রন্থ-সম্পাদক কোন বিষয়গুলিতে গুরুত্ব দেবেন, বুঝিয়ে লেখো। ১০

*অথবা,*

(খ) গ্রন্থের পঞ্জিকরণের উদ্দেশ্য কী? গ্রন্থের পঞ্জিকরণের গুরুত্ব বুঝিয়ে দাও। ১০

২। (ক) আধুনিক মুদ্রণ ব্যবস্থায় পেজমেকার সফ্‌টওয়্যারটির ভূমিকা কী, বিস্তৃত লেখো। ১০

*অথবা,*

(খ) প্রকাশনা ক্ষেত্রে ইনডিজাইন-এর ভূমিকা কী, সংক্ষেপে আলোচনা করো। ১০

৩। (ক) প্রুফ সংশোধনের প্রয়োজনীয়তা বুঝিয়ে দিয়ে, একজন প্রুফ রিডারকে কোন কোন বিষয়ের প্রতি গুরুত্ব দিতে হয়, সে বিষয়ে আলোচনা করো। ১০

*অথবা,*

*(কেবল দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)*

অশুদ্ধি সংশোধন করো (*যে-কোনো দশটি*)।

শারিরিক, উর্ধ, নির্দোষী, শান্তনা, স্বপরিবার, উচ্চাকাঙ্খা, নির্দৃষ্ট, ব্রাম্ভণ, সতসিদ্ধ, নূন্যতম, দোষনীয়, সন্মান। ১×১০

*অথবা,*

(খ) বুক বাইন্ডিং বা বই বাঁধানোর উপকরণ, প্রক্রিয়া ও প্রকারভেদ বিষয়ে বিস্তৃত আলোচনা করো। ১০

৪। *যে-কোনো ছ'টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) টীকা লেখো— পাণ্ডুলিপি নির্মাণ।

(খ) প্রতিটির অন্তত একটি করে উদাহরণসহ দশটি বাংলা যুক্তব্যঞ্জন লেখো।

(গ) টীকা লেখো — টাইটেল পেজ।

(ঘ) টীকা লেখো — বুক কভার।

(ঙ) টীকা লেখো — অফসেট মুদ্রণ।

(চ) টীকা লেখো — কোরেল ড্র।

(ছ) বই বিপণন ব্যবস্থা (মার্কেটিং) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(জ) টীকা লেখো — ফন্ট।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও ঃ ১×২০

(ক) সম্পূর্ণ রূপটি লেখো— ISBN.

(খ) বুক জ্যাকেট বইয়ের কোন অংশ?

(গ) বাংলার দুটি যৌগিক স্বরবর্ণ উল্লেখ করো।

(ঘ) সম্পূর্ণ রূপটি লেখো— D.T.P.

(ঙ) বর্ণ বিশ্লেষণ করো— 'ন্দ্র'।

(চ) 'পুস্তানি' কী?

(ছ) 'জ্ঞ'-এই যুক্তাক্ষরটিতে কোন কোন বর্ণ আছে?

(জ) আধুনিক ছাপাখানার জনক কে?

(ঝ) 'এক ফরমা' মানে কয়টি পৃষ্ঠা?

(ঞ) প্রথম সচিত্র বাংলা বইয়ের নাম লেখো।

(ট) শ্রীরামপুর মিশন প্রেসের কাজ শুরু হয়েছিল কবে?

(ঠ) 'পুষ্পিকা' কী?

(ড) 'বিবলিওগ্রাফি' কী?

(ঢ) এম.এস. ওয়ার্ডের (ওয়ার্ড-এর) সম্পূর্ণ রূপটি লেখো।

(ণ) 'রয়্যালটি' শব্দটির বাংলা প্রতিশব্দ লেখো।

(ত) বইয়ের চতুর্থ কভার কোনটি?

(থ) ই-বুক কী?

(দ) কী-বোর্ডে ctrl +X বলতে কী বোঝায়?

(ধ) টেক্সট র‍্যাপ করা মানে কী?

(ন) 'উহ্য' শব্দে কোন যুক্তব্যঞ্জন ব্যবহার করা হয়েছে?

## পত্র : SEC-A-2

### *(ব্যবহারিক বাংলা-১)*

**পূর্ণমান - ৮০**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। নীচের গল্পসূত্র থেকে কমবেশি ৩০০ শব্দে শিরোনামসহ কাহিনি নির্মাণ করো। ১০

এক বৃদ্ধা তাঁর দৃষ্টিশক্তি হারালেন। বৃদ্ধাটি যথেষ্ট ধনী ছিলেন। বৃদ্ধা ঘোষণা করলেন কোনো চিকিৎসক তাঁর অন্ধত্ব মোচন করলে তাঁকে বিরাট অঙ্কের পুরস্কার দেবেন। এক চিকিৎসক বৃদ্ধার চিকিৎসা শুরু করলেন। চিকিৎসার আছিলায় চিকিৎসক বৃদ্ধার গৃহের মূল্যবান সামগ্রী চুরি করতে লাগলেন। বৃদ্ধার অন্ধত্ব ঘোচার পর তিনি দেখলেন গৃহের বহু মূল্যবান সামগ্রী নেই। তিনি চিকিৎসককে পুরস্কার দিতে রাজি হলেন না। চিকিৎসক বৃদ্ধার বিরুদ্ধে মামলা করলেন। বৃদ্ধা বিচারকের সামনে বললেন, আমার অন্ধত্ব ঘোচেনি।

*অথবা,*

নিম্নলিখিত অংশটি পড়ে চিত্রনাট্য নির্মাণ করো। ১০

কালার মার ঘর ওদের বাড়ির ঠিক পেছনেই। হাঁক দিলে শোনা যায়। সেও ইতোমধ্যে ভিজে কাপড় বদলে নিয়েছে। সে এখন রান্নাঘরে ঢুকে বলল, 'রান্ধনের কি অইব?'

'তুমি তাড়াতাড়ি কয়টা আলু আর পিঁয়াজ কুট। আমি চাইলে-ডাইলে খিচুড়ি বসায়া দিই। দুইডা ডিম আছে না? ওই ডিম আর আলু পিঁয়াজ খিচুড়ির মধ্যে দিয়া দিমু। তরাতরি খাওন দরকার। ভাইজানের তো আবার রাক্ষসের লাহান খিদা! বলে হেসে ফেলল ছবি।

খাওয়ার পর সব শুনল মোফিজরা। বিকেলে গা ধোয়ার জন্য পিছনের পুকুরে গিয়েছিল ছবি আর কালার মা, এমন সময় শোনে তাদের বাড়ির মধ্যে অচেনা গলার হাঁকডাক। ওরা বুঝে ফেলে সঙ্গে সঙ্গে পানিতে নেমে উল্টোদিকের পাড়ে, যেখানে গাছ-গাছালির ডালপালা ঘন হয়ে পানির ওপর ঝুলে থাকে, সেইখানে ঢুকে মাথা পর্যন্ত ডুবিয়ে কোনোমতে নাক উঁচিয়ে লুকিয়েছিল।

রশীদ জিজ্ঞেস করল, 'কারা আইছিল, বুঝবার পারছিলা?'

'না, আমরা তো দেখি নাই, গলা শুইন্যাই পানির মধ্যে সান্ধাইছি। তয় উর্দু কথাও শুনছি। দুইটা গুলির শব্দ শুনছি।

অশোক চিন্তিত গলায় বলল, 'ঠিক বুঝা যাইতেছে না। এই গেরামে তো কোনো রেজাকার নাই, মেলেটারিও আইয়ে না। তাইলে?'

২। (ক) কবিতা আবৃত্তির ক্ষেত্রে সুস্পষ্ট উচ্চারণ কতখানি গুরুত্বপূর্ণ তা যুক্তিসহকারে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) স্বরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) সাহিত্য থেকে চলচ্চিত্র হওয়ার মধ্যবর্তী পর্যায়টি বিশদে ব্যাখ্যা করো। ১০

*অথবা,*

(খ) 'ক্ষুধিত পাষাণ' চলচ্চিত্রটির চলচ্চিত্রায়ণ সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যগুলি বিষদে আলোচনা করো। ১০

**Please Turn Over**

৪। *যে-কোনো ছ'টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

(খ) অক্ষরবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

(গ) টীকা লেখো— যতি, পর্ব।

(ঘ) বাংলা সিনেমায় তপন সিংহর কৃতিত্ব আলোচনা করো।

(ঙ) অনীক দত্ত পরিচালিত 'অপরাজিত' চলচ্চিত্র কীভাবে 'পথের পাঁচালী' চলচ্চিত্রের স্মারক হয়ে উঠেছে, যুক্তিসহ ব্যাখ্যা করো।

(চ) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রটি আসলে ভ্রমণ পিপাসুর কলকাতা দেখা নয়, বরং 'কলকাতার মধ্যকার কলকাতা' দেখতে পাওয়ার কাহিনি। যুক্তিসহকারে এই মন্তব্যের ব্যাখ্যা করো।

(ছ) উপন্যাস ও ছোটগল্পের পার্থক্য সংক্ষেপে আলোচনা করো।

(জ) টীকা লেখো— গল্পের শিরোনাম।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×২০

(ক) 'পথের পাঁচালী' উপন্যাসটি কার লেখা?

(খ) 'ছোটনদী' শব্দটিতে কয়টি দল আছে?

(গ) শোষণশক্তি কোন ছন্দের লক্ষণ?

(ঘ) সক্রিয় উচ্চারক অঙ্গ কোনগুলি?

(ঙ) 'আগন্তুক' চলচ্চিত্রটির পরিচালক কে?

(চ) 'দলবৃত্ত' ছন্দের অন্য একটি নাম লেখো।

(ছ) ভারতের প্রথম সবাক চলচ্চিত্র কোনটি?

(জ) অক্ষর বলতে কী বোঝো?

(ঝ) গৃহদাহ উপন্যাসটির রচয়িতা কে?

(ঞ) ঋত্বিক ঘটক পরিচালিত প্রথম চলচ্চিত্র কোনটি?

(ট) মুক্তক ছন্দের প্রবর্তক কে?

(ঠ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের উপন্যাস অবলম্বনে নির্মিত একটি বাংলা চলচ্চিত্রের নাম লেখো।

(ড) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রের সঙ্গীত পরিচালক কে?

(ঢ) 'চলচ্চিত্রের অভিধান' গ্রন্থটির লেখক কে?

(ণ) 'পথের পাঁচালী' চলচ্চিত্র নির্মাণের আর্থিক সাহায্য সত্যজিৎ রায় কোথা থেকে পেয়েছিলেন?

(ত) 'বাড়ি থেকে পালিয়ে' চলচ্চিত্রে 'হরিদাস' চরিত্রে কোন অভিনেতা অভিনয় করেছেন?

(থ) 'আমি সেই মেয়ে' কবিতাটি কোন আবৃত্তি শিল্পীর কণ্ঠে সর্বাধিক জনপ্রিয়তা পেয়েছে?

(দ) তপন সিংহ কত খ্রিস্টাব্দে 'দাদাসাহেব ফালকে' পুরস্কার পান?

(ধ) গঠনভেদে দল কত প্রকার ও কী কী?

(ন) 'ক্ষুধিত পাষাণ' সিনেমার সঙ্গীত পরিচালক কে?

---